## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** ধর্মগ্রন্থ | **পাঠ-১:** পুরাণ<br>**পাঠ-২:** পুরাণের বিষয়বস্তু<br>**পাঠ-৩:** ধর্মাচরণ ও নৈতিকতায় পুরাণ<br>**পাঠ-৪:** শ্রীশ্রীচণ্ডী<br>**পাঠ-৫:** শ্রীশ্রীচণ্ডী পূজার মাহাত্ম্য<br>**পাঠ-৬:** মহিষাসুর বধ<br>**পাঠ-৭:** শুম্ভ-নিশুম্ভ বধ<br>**পাঠ-৮:** শ্রীশ্রীচণ্ডীর শিক্ষা | ১। তোমার পাঠ্যবইয়ের ২য় অধ্যায় 'ধর্মগ্রন্থ' পাঠ করে তুমি কীভাবে নিজ পরিবার ও সমাজ সুন্দরভাবে গড়ে তুলতে পারবে তার উপর একটি প্রবন্ধ লেখ।<br><br>**সংকেত:**<br>১। ধর্মাচরণ ও নৈতিকতায় পুরাণ<br>২। শ্রী শ্রী চন্ডীর মাহাত্ম্য ও ঘটনাসমূহ<br>৩। পুরাণ ও শ্রী শ্রী চন্ডীর শিক্ষা ও প্রভাব | ১। উল্লেখযোগ্য ঘটনাসমূহের সংক্ষিপ্ত বর্ণনা করা যেতে পারে। যেমন (মহিষাসুর বধ, শুম্ভ-নিশুম্ভ বধ)।<br>২। প্রয়োজনে নিজের পাঠ্যপুস্তক ব্যতীত অন্য সহায়ক বই (উপরের/নিচের শ্রেণির) সাহায্য নেয়া যেতে পারে।<br>৩। পাঠ্যপুস্তকের প্রতিটি পাঠ ভালো ভাবে পড়তে হবে।<br>৪। বানান ও বাক্য গঠনে সচেতন হতে হবে।<br>৫। উপস্থাপনায় বৈচিত্র্য আনতে হবে। | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। ২টি ঘটনা সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। লক্ষণীয় মাত্রায় নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। ১ টি ঘটনা সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। আংশিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। কম তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনের অভাব |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়** | **পাঠ-১:** সালাত<br>**পাঠ-২:** বিভিন্ন প্রকারের সালাত<br>**পাঠ-৩:** ঈদের সালাত | মনে কর তুমি ৭ম শ্রেণির একজন শিক্ষার্থী। নিয়মিত মসজিদে গিয়ে জামা'আতের সাথে পাঁচ ওয়াক্ত সালাত আদায় কর। নিচে বর্ণিত অবস্থাগুলোর ক্ষেত্রে তুমি কীভাবে সালাত আদায় করবে বর্ণনা দাও।<br><br>**যেকোনো ৩টি বিষয়ের বর্ণনা লেখ:**<br>১। কোভিড-১৯ পরিস্থিতিতে (স্বাস্থ্যবিধি অনুসরণ করে)<br>২। সালাতে এক বা দু'রাকাত মাসবুক হলে।<br>৩। মুসাফির অবস্থায় মাগরিব, এশা ও ফজরের সালাত<br>৪। অসুস্থ অবস্থায় সালাত (যখন তুমি দাড়াতে বা বসতে পার না)। | • পাঠ্যবইয়ের অধ্যায় দুইয়ের সংশ্লিষ্ট পাঠের আলোকে বিষয়বস্তুর মৌলিক চাহিদাগুলো শনাক্ত করতে হবে।<br>• প্রয়োজনে সহায়ক পুস্তকের সাহায্য নেওয়া যেতে পারে।<br>• পরিবারের অন্যান্য সদস্যদের সাথে আলোচনা করে বিষয়ের সঠিকতা সম্পর্কে সম্যক ধারণা নেওয়া যেতে পারে।<br>• কোনো তথ্য উৎস থেকে অবিকল (হুবহু) কোনো তথ্য লিখে অ্যাসাইনমেন্ট জমা দেওয়া যাবে না।<br>• অ্যাসাইনমেন্ট অবশ্যই নিজ হাতে লিখে জমা দিতে হবে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তু পূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় লক্ষনীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তু অধিকাংশক্ষেত্রে সঠিক ও ধারাবাহিক<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে অধিকাংশক্ষেত্রে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তু সঠিক থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আংশিকভাবে আরবিতে লিখতে পারা<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তু সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি লিখতে না পারা<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **প্রথম অধ্যায়:** মূলদ ও অমূলদ সংখ্যা | ১. সংখ্যার বর্গ ও বর্গমূল<br>২. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ার মাধ্যমে বর্গমূল<br>৩. সংখ্যার বর্গমূল নির্ণয়<br>৪. মূলদ ও অমূলদ সংখ্যা<br>৫. সংখ্যারেখায় মূলদ ও অমূলদ সংখ্যার অবস্থান | ১. তোমার পরিবারের দুইজন সদস্যের বয়স বছরে লিখ এবং তাদের বর্গমূল সংখ্যা রেখায় স্থাপন কর।<br>২. ২৪ ও ১৪৩ সংখ্যা দুইটির বর্গের সমষ্টির বর্গমূল নির্ণয় কর। আবার, সংখ্যা দুইটির বর্গের অন্তরের সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল পূর্ণবর্গ সংখ্যা হবে, তা নির্ণয় কর। | ১. শিক্ষার্থীরা পরিবারের দুইজন সদস্যের বয়স লিখে তাদের বর্গমূল বের করে। সংখ্যারেখায় স্থাপন করবে।<br>২. সংখ্যা দুইটির বর্গের সমষ্টির বর্গমূল যে কোনো প্রক্রিয়ায় নির্ণয় করবে। অতঃপর সংখ্যাটি পূর্ণবর্গ করতে, সংখ্যা দুইটির বর্গের অন্তরের সাথে সঠিক প্রক্রিয়ায় ক্ষুদ্রতম সংখ্যাটি যোগ করবে। | ১.<br>* দুইজন সদস্যের বয়স লিখন<br>* সংখ্যা দুইটির বর্গমূল সংখ্যারেখায় স্থাপন<br>২.<br>* সংখ্যা দুইটির বর্গ নির্ণয়<br>* বর্গের সমষ্টির বর্গমূল নির্ণয়<br>* ক্ষুদ্রতম সংখ্যাটি নির্ণয় |